

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৭, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২০শে আশ্বিন ১৪০৫/৫ই অক্টোবর ১৯৯৮

এস, আর, ও নং ২২০-আইন/৯৮—যেহেতু সরকার কুড়িগ্রাম জেলার উলিপুর থানার নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করার প্রস্তাব করিয়াছেন;

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে পরামর্শ এবং আপত্তি আহ্বান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন।

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া উক্ত Rules এর rule 4(2) এর অধীন উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৮৭৭৯)

মূল্য : টাকা ১.০০

অতএব, সেরেতু উক্ত Rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্ন  
উল্লিখিত শহর এলাকাসমূহ সমন্বয়ে আগামী ২১শে আশ্বিন, ১৪০৫ বাং মোতাবেক ৬ই  
অক্টোবর, ১৯৯৮ ইং তারিখ হইতে উল্লিখিত সিউনিসিপ্যালিটি গঠনের ঘোষণা করিল :

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	শে, এল, নং	দাগ নং
(১)	উলিপুর	উলিপুর	১০৮	সম্পূর্ণ দাগ
	ঐ	হায়রাবী	১০৭	ঐ
	ঐ	নামিকেল বাড়ী	১০০	ঐ
	ঐ	পূর্ব নাওডাংগা	৮৯	ঐ
	ঐ	পশ্চিম নাওডাংগা	৯০	ঐ
	ঐ	পূর্ব শিববাড়ী	১০২	ঐ
	ঐ	পশ্চিম শিববাড়ী	১০১	ঐ
	ঐ	রাখা রামক্ষেত্রী	৮৮	ঐ
	ঐ	নিজাই খানার	৮৭	ঐ
(২)	শুনাইগাছ	রামাদাগ ধনিরাম	১১০	ঐ
(৩)	তবকপুর	কাশির ধামার	১১১	ঐ
(৪)	ধামশ্রেনী	ছোনাই ডাংগা	১০৯	ঐ
(৫)	ধরনীবাড়ী	আবদুল হা.কম	১৫৬	ঐ
	ঐ	ধরনীবাড়ী (সিট নং ৩)	১০৫	৩০০১, ৩৩৬০, ৩৩৬৪, ৩৩৬৫, ৩৩৬৯, ৩৩৯৯, ৩৪০৭, ৩৪১০, ৩৪১১, ৩৪১৩, ৩৪২৩, ৩৪২৫, ৩৪৮৫, ৩৪৮৯, ৩৪৯, ৩৫৫৪ ও সিট নং ৩ এর সম্পূর্ণ দাগ।
(৬)	ধামশ্রেনী	ধামশ্রেনী(সিট নং ১) পশ্চিম পার্শ্বে	১৫৫	০১-২০৮, ১৩৬, ২১৪, ১০৬৯, ১০৭৫, ১০৭৯-১১০৮।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
আবদুল সাব্বার সিউন  
উপ-সচিব (পৌর)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কতৃক মুদ্রিত  
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
ভেঙ্গগাঁও, ঢাকা কতৃক প্রকাশিত।